

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২১- ২১ (৭)

তারিখ : ০৬/০৯/২০২২

ফরম নং-২৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়ালের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ..... হইতে..... পর্যন্ত

জেলা.....২০.....সালের পর্যন্ত

মামলার ধরণ : জনাব অরূপ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা এর গত ৩০/০৮/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে (আপীল মামলা নম্বর ২৭/২০২২)।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৬/০৯/২০২২	<p>জনাব অরূপ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা এর গত ৩০/০৮/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০৬/০৯/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।</p> <p>দেখলাম। আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব অরূপ রায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ২৬-০৬-২০২২ খ্রি: তারিখ আবেদন করেন।</p> <p>ক) ঢাকা জেলার সাভার মৌজার আর এস ৩১২ ও ৮ নম্বর খতিয়ানের ২১২৭, ১২৮ ও ১২৭ নম্বর দাগের ০.২৭ একর অর্পিত সম্পত্তির মধ্যে ০.০৭ একর ভূমি ৩৮৫/৭৯ নম্বর ভিপি কেইসের মাধ্যমে একসনা বন্দোবস্ত দেওয়া থাকলেও অবশিষ্ট ০.২০ একর ভূমির মধ্যে মামলার রায়ের আলোকে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামী আবুল কালাম মোহাম্মদ মনসুরের দখলে থাকা ০.০৯৫০ একর ভূমি (বাড়ি নম্বর ১৫০/এ, বাজার রোড, সাভার, ঢাকা) এবং মো: নাজির উদ্দিন ও তাঁর ভাই মো: রফিকুল ইসলামের দখলে থাকা ০.১০০০ একর ভূমি উদ্ধারের জন্য জজ কোর্টের আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সাভারের সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় থেকে ১১ মার্চ ২০১৫ তারিখে পত্র (স্মারক নম্বর-০৫.৪১.২৬৭২.০২.৪৯.০০১.১৫.৪১৭ (সং) দেওয়ার পর আপীল করা হয়েছে কিনা বা কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা তা বিস্তারিত</p>	

জানতে চাই।

খ) আপীল করা হলে আপীলের কপি ও আপিল মামলার সর্বশেষ অবস্থা জানতে চাই।

গ) আপীল করা না হলে কেন করা হয়নি তা জানতে চাই।

সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য :

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি জনাব জুবায়ের হোসেন, সিনিয়র সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-

আপীলকারী জনাব অরূপ রায় ২৬/০৬/২০২২ ইং তারিখে অত্র অফিসে তথ্যের জন্য আবেদন করেন। উক্ত তথ্যটি সহকারী কমিশনার (ভূমি), সাভার সংশ্লিষ্ট বিধায় ০৬/০৭/২০২২ ইং তারিখে ২১৫ নং স্মারকের মাধ্যমে তথ্য প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), সাভারকে পত্র দেওয়া হয়। কিন্তু অদ্যাবধি তথ্য প্রেরণ করেন নাই। সংশ্লিষ্ট তথ্যের বিষয়ে বেশ কয়েকবার যোগাযোগ করা হয়। তারা জানান যে, আর কিছুদিন সময় লাগবে। অতএব, মহোদয়ের নিকট আবেদন এই যে, আমাকে ০৭ (সাত) দিনের সময় দেয়া ইউক। আমি উক্ত সময়ের মধ্যে আপীলকারীর তথ্য প্রদান করবো।


আপীলকারীর বক্তব্য :

আপীলকারী অনুপস্থিত। আপীলকারী জনাব অরূপ রায় আপীল আবেদনে জানিয়েছেন, তিনি গত ২৬/০৬/২০২২ তারিখে আপীল আবেদনে বর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর আবেদন করে করেন কিন্তু জেলা প্রশাসক, ঢাকা তথ্য অধিকার আইন ২০০৯ এর ৯ (১) ধারা অনুযায়ী তথ্য প্রদান না করায় আপীল আবেদন করেছেন।

পর্যালোচনা : সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে তথ্য সরবরাহ করা হয়নি, সেহেতু আপীল আবেদনটি গ্রহণযোগ্য। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।



	<p>আদেশ : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব অরুণ রায় এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর সিনিয়র সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব জুবায়ের হোসেন এর লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো এবং <u>আপীলকারীর চাহিত তথ্যসমূহ আইনানুযায়ী সরবরাহ করার নির্দেশ প্রদানপূর্বক</u> আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।</p>	
--	--	--




(জহিরুল ইসলাম)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২-

তারিখ : ০৬/০৯/২০২২

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। জনাব অরুণ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা।



(আল মামুন)

সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।